

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।  
www.shniyd.gov.bd  
E-mail : shnycbd@gmail.com



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)- ২২৯৫

তারিখঃ- ১৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ

বিষয় : **“Digital Marketing”** বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রসঙ্গে।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ২৮-১১-২০২২ খ্রিঃ তারিখ হতে ২৬-০১-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ মাস মেয়াদী **“Digital Marketing”** বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত জেলার পার্শ্বে উল্লেখিত সংখ্যক যুব ও যুব নারীদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা
০১	ঢাকা	০২ জন	১১	নওগাঁ	০২ জন
০২	গাজীপুর	০২ জন	১২	পাবনা	০২ জন
০৩	মুন্সিগঞ্জ	০২ জন	১৩	জয়পুরহাট	০২ জন
০৪	কিশোরগঞ্জ	০২ জন	১৪	বাগেরহাট	০২ জন
০৫	রাজবাড়ী	০২ জন	১৫	ঝিনাইদহ	০২ জন
০৬	ফরিদপুর	০২ জন	১৬	পিরোজপুর	০২ জন
০৭	শরীয়তপুর	০২ জন	১৭	পটুয়াখালী	০২ জন
০৮	ব্রাহ্মণবাড়ীয়া	০২ জন	১৮	রংপুর	০২ জন
০৯	ফেনী	০২ জন	১৯	ঠাকুরগাঁও	০২ জন
১০	মৌলভীবাজার	০২ জন	২০	নেত্রকোনা	০২ জন
সর্বমোট =					৪০ জন

**প্রশিক্ষার্থী নির্বাচনে আবশ্যিক বিষয়সমূহ:**

- ০১। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান ও ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন এবং বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর হতে হবে। যুব নারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ০২। এইচ.এস.সি/সমমান সনদের সত্যায়িত ফটোকপি, ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্সের সনদ ও NID-র ফটোকপি এবং শরীর চর্চায় অংশগ্রহণের জন্য স্পোর্টস সু/কেডস সংগে আনতে হবে।
- ০৩। কোর্সে অংশগ্রহণের জন্য বেসিক কম্পিউটার এর উপর পরীক্ষা নেয়া হবে। কোর্সে অংশগ্রহণের জন্য আবশ্যিকভাবে নিজস্ব Laptop সংগে আনতে হবে, পরীক্ষায় কৃতকার্যগণ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবে।
- ০৪। কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ, আবাসন এবং খাবার খরচ সরকারি অর্থে নির্বাহ করা হবে। প্রশিক্ষার্থীদের দৈনিকভাতা/ যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- ০৫। নির্বাচিত প্রার্থীগণের তালিকা ২৪-১১-২০২২ তারিখ ইনস্টিটিউটের ই-মেইলে ([shnyctraining@gmail.com](mailto:shnyctraining@gmail.com)) প্রেরণ করতে হবে।
- ০৬। ইতোপূর্বে অত্র ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সে যাদের মনোনয়ন দেয়া হয়েছিল তারা মনোনয়ন যোগ্য হবে না।
- ০৭। মনোনীত প্রশিক্ষার্থীগণকে কোর্স শুরুর আগের দিন (২৭-১১-২০২২খ্রিঃ তারিখ) বিকাল ০৩:০০ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারিনটেনডেন্ট এর নিকট আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে।

স্বাক্ষরিত/-

মোঃ রফিকুল ইসলাম  
রেজিস্ট্রার

প্রাপক : উপপরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর,-----জেলা।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১(অংশ-১)-

তারিখঃ- ১৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ

**অনুলিপি:**

- ০১। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(প্রশিক্ষণ ও মূল্যায়ন), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (প্রশাসন, অর্থ, গবেষণা, প্রকাশনা), ফিজিক্যাল ইন্সট্রাক্টর, হোস্টেল সুপারিনটেনডেন্ট, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।

  
০৩/১১/২০২২  
(ড. মোঃ শহীদুল ইসলাম)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)